**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পার্বত্য জেলা পরিষদ**
**খাগড়াছড়ি পার্বত্য জেলা।**
www.khdc.gov.bd

## খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুষ্ঠিত এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মংসুইপ্রু চৌধুরী, চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা। |
| সভার তারিখ ও সময় | ঃ ০৮ নভেম্বর, ২০২২খ্রি. সকাল : ১১. ০০ ঘটিকা। |
| স্থান | ঃ সম্মেলন কক্ষ, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা। |
| আলোচনার সময়কাল | ঃ আগস্ট হইতে অক্টোবর/২০২২খ্রি. পর্যন্ত। |

সভায় উপস্থিত কর্মকর্তা/এনজিও প্রতিনিধিদের নামের তালিকা পরিশিষ্ট "ক"-তে প্রদর্শিত হলো।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জনাব নাজমুন আরা সুলতানা আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতপর: সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>এনজিও এর নাম ও কার্যক্রমের বিষয়ে আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>
<u>আনন্দ</u> ঃ উপস্থিত প্রতিনিধি আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব বিজয় কৃষ্ণ বালা তাঁদের উন্নয়ন কার্যক্রমের বাস্তব চিত্র তুলে ধরেন। তিনি জানান যে, তাঁদের বর্তমানে খাগড়াছড়ি পার্বত্য জেলায় ৭টি উন্নয়মূলক প্রকল্প চলমান রয়েছে। তিনি প্রকল্প গুলোর কার্যক্রম ও অগ্রগিত নিম্নরুপভাবে তুলে ধরেন:<br>
প্রকল্পের নাম ঃ<br>
1. Vocational Training Center for the poor Community at Hilly Khagrachari Project.<br>
2. Girls Hostel and Tailoring Training at Khagrachari Project.<br>
3. Anando pre-school program.<br>
4. Regional Programme for scaling up Multi-Sectoral approach for Nutrition Smart Village in Bangladesh.<br>
5. Sustainable Credit and Development program.<br>
6. The Provision of Development Support Service to Women Under the Vulnerable Group Development Program (VGD)<br>
7. Out of School Chidren Education Program (PEDP-4)<br>
1. Vocational Training Center for the poor Community at Hilly Khagrachari Project: এই প্রকল্পটি খাগড়াছড়ি পার্বত্য জেলায় Die Licht brucke-Germany এর ১,৩৫,০৭,৪৪৫/- টাকা আর্থিক সহায়তায় পরিচালিত হয়ে আসছে। কর্মমূখী কারিগরী প্রশিক্ষণ যেমন- ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, ওয়েল্ডিং ও টেইলরিং (মহিলাদের জন্য) প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি, চাকুরী ও ব্যবসায় উৎসাহিত করা এবং আত্বনির্ভরশীল হতে অতুলনীয় ভূমিকা পালন করে থাকে।<br>
প্রকল্পের অগ্রগতি:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>প্রশিক্ষণ ক্লাশ</td><td>৪১ দিন</td><td>৪১ দিন</td><td></td></tr>
<tr><td>০২</td><td>কম্পিউটার প্রশিক্ষণ</td><td>৪১ দিন</td><td>৪১ দিন</td><td>সকল ট্রেড</td></tr>
<tr><td>০৩</td><td>চুড়ান্ত পরীক্ষা</td><td>০৩ দিন</td><td>০৩ দিন</td><td>সকল ট্রেড</td></tr>
</table>
2. Girls Hostel and Tailoring Training at Khagrachari Project: এই প্রকল্পটি খাগড়াছড়ি পার্বত্য জেলায় Die Licht brucke-Germany এর ২৪,২৭,৯০০/- টাকা আর্থিক সহায়তায় পরিচালিত হয়ে আসছে। স্ট্রেনদেনিং অফ সেলফ এসটিম, স্ট্রেনদেনিং অফ সোস্যাল স্কিলস, এমপাওয়ারমেন্ট, ওমেন্স রাইট এবং বাংলা ও ইংরেজী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও প্রশিক্ষণার্থীদের মধ্যে কারিগরী বই প্রদান এবং আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তুলতে সহায়তা করে থাকে।<br>
প্রকল্পের অগ্রগতি:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>প্রশিক্ষণ ক্লাশ</td><td>৪৪ দিন</td><td>৪৪ দিন</td><td></td></tr>
<tr><td>০২</td><td>কম্পিউটার প্রশিক্ষণ</td><td>৪৪ দিন</td><td>৪৪ দিন</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>চুড়ান্ত পরীক্ষা</td><td>০৩ দিন</td><td>০৩ দিন</td><td></td></tr>
</table>
3. Anando pre-school program: প্রকল্পটি নিজস্ব অর্থায়নে (সংশোধিত ৫,০০,০০০/- টাকা) খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা উপজেলায়- বোয়ালখালী, মেরুং ও কাবাখালী ইউনিয়ন এবং রাঙ্গামাটি জেলার সদর ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে।<br>
প্রকল্পের অগ্রগতি:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>ক্লাশ</td><td>৬৫০</td><td>৬৫০</td><td rowspan="4"></td></tr>
<tr><td>০২</td><td>কমিটি মিটিং</td><td>২৬</td><td>২৫</td></tr>
<tr><td>০৩</td><td>এ্যানিমেটর মিটিং</td><td>০৪</td><td>০৪</td></tr>
<tr><td>০৪</td><td>সুপারভাইজার কর্তৃক শিশুশিক্ষা কেন্দ্র পরিদর্শন</td><td>২৬</td><td>২৩</td></tr>
</table>
4. Regional Programme for scaling up Multi-Sectoral approach for Nutrition Smart
</td><td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুয়ারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td><td>আনন্দ, খাগড়াছড়ি।</td></tr>
</table>

**Village in Bangladesh:** প্রকল্পটি ওয়েলথহাঙ্গার হিলফ্, জার্মানী'র অর্থায়নে (২,৪২,৮২,৪৪০/- টাকা) খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা উপজেলায়- মেরুং ও কাবাখালী ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে।

প্রকল্পের অগ্রগতি:

| ক্র: নং | কার্যক্রমের বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ফলোআপ পুষ্টি ক্যাম্প | ১৫ টি | ১৫ টি | |
| ০২ | মডেল সিফ্স ফার্ম স্থাপন | ২৫ টি | ২০ টি | |
| ০৩ | পুষ্টি বাগান স্থাপন | ১৫০ পরিবার | ১১০ পরিবার | |
| ০৪ | লেন পিএল এর মিটিং | ৬০টি | ৬০টি | |
| ০৫ | এনএসএমপি ট্রেনিং | ১টি | ১ টি | |

**5. Sustainable Credit and Development programe:** এই প্রকল্পটি **Licht brucke Germany** অর্থায়নে (৫,০০,০০,০০০/- টাকা) খাগড়াছড়ি পার্বত্য জেলায়- খাগড়াছড়ি সদর, দীঘিনালা, রামগড় ও মাটিরাঙ্গা উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে দরিদ্র জনগোষ্ঠীদেরকে সহজ শর্তে ঋণ প্রদান করা।

প্রকল্পের অগ্রগতি:

| ক্র. নং | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ০১ | সমিতি গঠন | ৮ টি | ০ টি |
| ০২ | নতুন সদস্য ভর্তি | ৩৭৮ জন | ২৩৪ জন |
| ০৩ | সঞ্চয় আদায় | ৪৭,৩৪,৩২৩/- | ৪৮,২০,৯২৫/- |
| ০৪ | সঞ্চয় ফেরত | ৩৯,৩৪,৩২১/- | ৪৮,০৭,৭৭৩/- |
| ০৫ | ঋণ বিতরণ | ৪,০০,৫৫,০০০/- | ৪,০১,১৫,০০০/- |
| ০৬ | ঋণ আদায় | ৩,১২,০৮,৭৬৫/- | ৩,৪৯,৪০,৩৮০/- |

**6. The Provision of Development Support Service to Women Under the Vulnerable Group Development Program (VGD):** এই প্রকল্পটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ এর অর্থায়নে (২৬,৪৭,৯৬২/- টাকা) পানছড়ি, দীঘিনালা ও রাঙ্গামাটি জেলার রাজস্থলী উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে।

প্রকল্পের অগ্রগতি:

| ক্র. নং | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ০১ | বাড়ির আঙ্গীনায় সবজি চাষ | ৪৫টি | ৪৫টি |
| ০২ | উদ্যোক্তা উন্নয়ন | ৪৫টি | ৪৫টি |
| ০৩ | নারীর ক্ষমতায়ন | ৫৫ টি | ৫৫ টি |
| ০৪ | সঞ্চয় সংগ্রহ করার সহযোগীতা | ৩ টি উপজেলায় | ৩ টি উপজেলায় |
| ০৬ | প্রতিমাসে চাউল বিতরনে সময় সহযোগীতা | ৩ টি উপজেলায় | ৩ টি উপজেলায় |

**7. Out of School Chidren Education Program (PEDP-4) ঃ** এটি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ এর অর্থায়নে (১,৫০,০০,০০০/- টাকা) খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয়ে মানসম্মত শিখন পদ্ধতি, শিক্ষার পরিবেশ নিশ্চিত করা, প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সুষ্ঠু ব্যবস্থাপনা উন্নয়ন যাতে প্রাথমিক শিক্ষা পদ্ধতি, দক্ষতা ও সমতা সৃষ্টি এবং ন্যায়সঙ্গত মানের শিক্ষা অর্জন করাই হচ্ছে এর মূল উদ্দেশ্য। প্রকল্পের অগ্রগতি:

| ক্র. নং | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ০১ | শিখনকেন্দ্রে সরঞ্জাম বিতরন করা | ৭০ টি কেন্দ্র | ৭০ টি কেন্দ্র |
| ০২ | উপজেলা আইবিএ কমিটি দ্বারা শিখন কেন্দ্র ভ্যালিডেশন মনিটরিং করোনো | ৭০ টি কেন্দ্র | ৭০ টি কেন্দ্র |
| ০৩ | শিখনকেন্দ্র পাঠদান কার্যক্রম শুরু করা | ৭০ টি | ৭০ টি |
| ০৪ | শিখন কেন্দ্রের সিএমসি কমিটি গঠন করা | ৭০ টি | ৭০ টি |

০২. <u>জাবারাং কল্যাণ সমিতি</u> ঃ উপস্থিত প্রতিনিধি প্রশাসনিক কর্মকর্তা, জনাব ধনেশ্বর ত্রিপুরা জানান যে, তাঁদের সংস্থা বর্তমান ৫টি উন্নয়নমূলক প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের নাম- ১। আওয়ার লাইভস্, আওয়ার হেলথ, আওয়ার ফিউচারস, ২। ওয়াই-মুভস, ৩। সফল, ৪। জেলা স্বাস্থ্য অধিকার ফোরাম ও ৫। পিইডিপি-৪ সাব কম্পোনেন্ট আউট অব স্কুল চিলড্রেন।

১। **Our Lives, Our Health, Our Future (OLHF))** ঃ এটি বাংলাদেশ নারী প্রগতি সংঘ ও সিমাভি, নেদ্যারল্যান্ড এর অর্থায়নে (২,৭০,২৭,৩৯৬/- টাকা) খাগড়াছড়ি পার্বত্য জেলায়- খাগড়াছড়ি সদর এর ১৮টি পাড়ায় ও পানছড়ি উপজেলায় ১২টি পাড়ায় যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার বিষযক কার্যক্রম চলমান রয়েছে।

২। ওয়াই-মুভস ঃ এই প্রকল্পটি সুইডিশ ইন্টারন্যাশনাল ডেবেলপমেন্ট কো অপারেশন এজেন্সি (সিডা) এর অর্থায়নে (৪৬,০৬,২৮৭/- টাকা) পেড়াছড়া ইউনিয়ন, খাগড়াছড়ি সদর এলাকায় কার্যক্রম চলমান রয়েছে। এই প্রকল্পের লক্ষ্য হচ্ছে, প্রকল্পভুক্ত এলাকায় ১০-২৪ বছর বয়সী যুব সমাজ বিশেষ করে কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা তাদের জীবনকে প্রভাবিত করে প্রজনন স্বাস্থ্যের অধিকার ও শিশু সু-রক্ষা বিষয়ে নেতৃত্ব প্রদানে সক্ষমতা গড়ে তোলা এবং একটি গতিশীল ও একিভূত সুশীল সমাজ গঠনে ভূমিকা রাখা।

৩। সফল ঃ এটি ইউনাইটেড পারপাস বাংলাদেশ ও পেনি এ্যাপিল এর অর্থায়নে (১,৪১,২২,৮০৯/ টাকা) খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। এর মূল লক্ষ্য হচ্ছে এতিম শিশুদের মানসম্মত শিক্ষা, পরিবারের আর্থিক নিরাপত্তা, ওয়াশ ও পুষ্টি চাহিদা নিশ্চিত করা এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর মানোন্নয়ন ও নাগরিকদের স্বাস্থ্য অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।

৪। স্বাস্থ্য অধিকার ফোরাম ঃ এই কর্মসূচিটি খাগড়াছড়ি পার্বত্য জেলার- খাগড়াছড়ি সদর ও মহালছড়ি

দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুযারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াছড়ি।

উপজেলায় বাংলাদেশ হেলথ ওয়াচ এর আর্থিক সহায়তায় ১ আগস্ট/২১খ্রি. হতে পরিচালিত হয়ে আসছে। এই কর্মসূচীর মূল লক্ষ্য হচ্ছে জেলা সদর হাসপাতাল, উপজেলা হাসপাতার ও ইউনিয়ন পর্যায়ের কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্য সেবার মানোন্নয়ন এবং নাগরিকদের স্বাস্থ্য অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।

৫। **পিইডিপি-৪ সাব কম্পোনেন্ট আউট অব স্কুল চিলড্রেন ঃ** এই প্রকল্পটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পিইডিপি-৪ বাংলাদেশ এর অর্থায়নে (১,৯৯,১৮,৭০০০/- টাকা) বাস্তবায়নকারী সংস্থা-প্রোগ্রেসিভ, রাঙ্গামাটি এবং স্থানীয় উপ-বাস্তবায়নকারী সংস্থা-জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াছড়ি মাধ্যমে জেলার দীঘিনালা উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। এর মূল লক্ষ্য হচ্ছে বিদ্যালয় বহিভূর্ত শিশুদের স্কুলমুখীকরণ।

০৩.

**খাগড়াপুর মহিলা কল্যাণ সমিতিঃ** উপস্থিত প্রতিনিধি প্রোগ্রাম কোঅর্ডিনেটর, জনাব গীতিকা ত্রিপুরা জানান যে, খাগড়াপুর মহিলা কল্যাণ সমিতি কর্তৃক বর্তমানে ৪টি উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। তিনি প্রকল্পের অগ্রগতি সহ চলমান কার্যক্রম সমূহ তুলে ধরেন। প্রকল্পের নামঃ

ক. পার্বত্য অঞ্চলে বিকল্প উন্নয়নের জন্য কর্ম-গবেষণা ও সুশাসনের জন্য সক্ষমতা বৃদ্ধি প্রকল্প
খ. আমাদের জীবন,আমাদের স্বাস্থ্য, আমাদের ভবিষ্যৎ
গ. প্রমোটিং রাইটস থ্রো মোবিলাইজেশন এন্ড এমপাওয়ারম্যান্ট (প্রাইম)
ঘ. খাগড়াছড়ি'র নারী ও কিশোরীদের ক্ষমতায়নে কর্মউদ্যোগ

**ক. পার্বত্য অঞ্চলে বিকল্প উন্নয়নের জন্য কর্ম-গবেষণা ও সুশাসনের জন্য সক্ষমতা বৃদ্ধি প্রকল্প ঃ** এই প্রকল্পটি ব্রেড ফর ডি ওয়ার্ল্ড, জার্মানী অর্থায়নে (১,১৫,৬৪,৩৭০/- টাকা) খাগড়াছড়ি সদর উপজেলায় কার্যক্রম বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও জেন্ডার ভিত্তিক সহিংসতার উপর কার্যকর জবাবদিহীতা ব্যবস্থা প্রতিষ্ঠায় সহায়তা করা।

প্রকল্পের অগ্রগতি ঃ

| ক্র. নং | যে বিষয়ে কার্যক্রম | সংখ্যা (অংগ্রহণকারী/সুবিধাভোগীর সংখ্যা) |
|---|---|---|
| ০১ | জেলা নারী নেতৃত্বের নিয়ে সমন্বয় সভা | ১টি (অংশগ্রহণকারী-৪৮ জন) |
| ০২ | নারী সম্মেলন | ০১টি (অংশগ্রহণকারী-১২৯জন) |
| ০৩ | মিডিয়া, মেডিক্যাল ও অন্যান্য সেবা | ০৪টি |
| ০৪ | গ্রামের উদ্যোগ সমূহকে সহায়তা | ০১টি (অংশগ্রহণকারী-১১৯ জন) |
| ০৫ | বাল্যবিয়ে প্রতিরোধে সচেতনতামূলক সভা | ১টি (অংশগ্রহণকারী-৩৫ জন) |

**খ. আমাদের জীবন, আমাদের স্বাস্থ্য, আমাদের ভবিষ্যৎ ঃ** এটি সিমাভি ও ইউরোপিয়ান ইউনিয়ন, নেদ্যারল্যান্ড এর সহযোগিতায় বাংলাদেশ নারী প্রগতি সংঘ, বাংলাদেশ এর নেতৃত্বে (২,৫৮,৮৯,৩১৩/- টাকা) খাগড়াছড়ি পার্বত্য জেলায়- মহালছড়ি ও গুইমারা উপজেলায় কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে পার্বত্য চট্টগ্রামের যুবতী নারী ও কিশোরী মেয়েরা যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার, মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা এবং নারীর প্রতি সহিংসতামুক্ত/নির্যাতনমুক্ত, মর্যাদাকর ও বৈষম্যমুক্ত জীবন যাপন করার লক্ষ্যে তাদের পদ্ধতিগত কারিগরি জ্ঞান ও প্রশাসনিক স্ব-ক্ষমতার জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি।

প্রকল্পের অগ্রগতি ঃ

| ক্র. নং | পরিচালিত ও বাস্তবায়িত কার্যক্রমসমূহ | সংখ্যা (অংগ্রহণকারী/সুবিধাভোগীর সংখ্যা) |
|---|---|---|
| ০১ | কিশোরী ক্লাবে সেশন পর্যবেক্ষণ/পরিদর্শন | ০৫টি |
| ০২ | ক্লাস্টার ভিত্তিক মাসিক পিএফ সাপোর্ট সেশন ত্রিয়েটিভ প্রজেক্ট বাস্তবায়ন এর উপর প্রশিক্ষণ | ০১ টি (০৫ জন কর্মী অংশগ্রহণ করেন) |
| ০৩ | পার্টনার ভিত্তিক প্রকল্প কর্মীদের মাসিক সমন্বয় সভা | ১ টি (৮ জন প্রকল্পের কর্মী) |
| ০৪ | নিয়মিত কিশোরী ক্লাবের মাসিক সেশন প্রশিক্ষণ | ১ টি (৩০জন ফিমেল মেন্টর) |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মাঠ পর্যায়ে প্রোগ্রাম ভিজিট | ১টি |
| ০৬ | ক্লাষ্টার ভিত্তিক মাসিক সমন্বয় সভা | ১ টি (৬ জন প্রকল্পের কর্মী) |
| ০৭ | কিশোরী ক্লাবের পরিচালিত বিভিন্ন সেশনের উপর কিশোরীদের নিয়ে কুইজ প্রতিযোগীতা | ১টি (১১ জন) |
| ০৮ | বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে আয়োজিত র‌্যালি ও আলোচনা সভা | ১টি (৩০ জন অংশগ্রহণ করেন) |
| ০৯ | আন্তর্জাতিক যুব দিবস উদযাপন | |
| ১০ | কৈশোরবান্ধব স্বাস্থ্যসেবা তথ্য সংগ্রহ করা | ১৬টি |
| ১১ | মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনার জন্য স্যানিটেশন এবং পরিচ্ছন্নতার উপর সভা | ২টি (১৬ জন) |
| ১২ | দাতা সংস্থা কর্তৃক প্রকল্পের কার্যক্রম পরিদর্শণ | ১টি |

**গ. প্রমোটিং রাইটস থ্রো মোবিলাইজেশন এন্ড এমপাওয়ারম্যান্ট (প্রাইম) ঃ** এই প্রকল্পটি ব্রেড ফর ডি ওয়ার্ল্ড, জার্মানী অর্থায়নে (১৮,৬৯,২০০/- টাকা) খাগড়াছড়ি সদর উপজেলায় কার্যক্রম বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। প্রকল্প এলাকার বঞ্চিত নারীদের সামাজিক-অর্থনৈতিক অবস্থার উন্নতির পাশাপাশি নারী ও কন্যা শিশুর উপর সহিংসতার মাত্রা কমিয়ে আনার লক্ষ্যে উদ্বুদ্ধ করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।

**ঘ. খাগড়াছড়ি'র নারী ও কিশোরীদের ক্ষমতায়নে কর্মউদ্যোগ ঃ** খাগড়াছড়ি পার্বত্য জেলার- খাগড়াছড়ি সদর ও গুইমারা উপজেলায় প্রান্তিক নারী ও কিশোরীদের অর্থনৈতিক ও সামাজিক অধিকার অর্জনে সহায়তাই এই প্রকল্পটির উদ্দেশ্য। এটি মানুষের জন্য ফাউন্ডেশন, বাংলাদেশ এর ১,৪৪,১৫,৭৬৭/- টাকা অর্থায়নে ২২ মার্চ ২০২০খ্রি. হতে পরিচালিত হচ্ছে।

প্রকল্পের অগ্রগতি ঃ

| ক্র.নং | পরিচালিত ও বাস্তবায়িত কার্যক্রমসমূহ | সংখ্যা (অংগ্রহণকারী/সুবিধাভোগীর সংখ্যা) |
|---|---|---|
| ০১. | এ্যাক্টিভিষ্ট ফোরামে সদস্যদের ত্রৈমাসিক সভা | ১ টি (৩২ জন অংশগ্রহণকারী) |
| ০২. | মাসিক কর্মীসমন্বয় সভা | ২ টি (০৯ জন কর্মী) |
| ০৩. | জেন্ডার মেইনস্ট্রেমিং প্রশিক্ষণ কর্মপরিকল্পনা | ১টি (২২ জন অংশগ্রহণকারী) |

দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুয়ারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যলিয়ে প্রেরণ করতে হবে।

কে.এম.কে.এস. খাগড়পুর, খাগড়াছড়ি।

<table>
<tr><td></td><td><table><tr><td>০৪.</td><td>মাসিক মিটিং</td><td>২টি (৫৬জন অংশগ্রহণকারী</td><td></td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>০৪.</td><td><u>তৃণমূল উন্নয়ন সংস্থা</u> ঃ সভায় অনুউপস্থিত।</td><td>সংস্থার প্রধানকে নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।</td><td>তৃণমূল উন্নয়ন সংস্থা, খাগড়াছড়ি।</td></tr>
<tr><td>০৫.</td><td><u>ব্র্যাক</u> ঃ ব্র্যাক এনজিও সংস্থার উপস্থিত প্রতিনিধি জেলা সমন্বয়কারী, জনাব মোঃ গোলাম মোস্তফা জানান- তাঁর সংস্থা কর্তৃক বর্তমানে ৩টি উন্নয়নমূলক প্রকল্প/কর্মসূচি চলমান রয়েছে। কর্মসূচী গুলো হচ্ছে - ১। মাইক্রোফাইন্যান্স কর্মসূচি, ২। ম্যালেরিয়া নির্মূল কর্মসূচি ও ৩। যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি এবং পরবর্তীতে তিনি সংস্থা কর্তৃক গৃহিত কার্যক্রম তুলে ধরেন। তিনি আরো জানান- তাঁর সংস্থা কর্তৃক বর্তমানে খাগড়াছড়ি জেলায় ৩টি কর্মসূচি চলমান রয়েছে।<br>১। মাইক্রোফাইন্যান্স কর্মসূচি ঃ ব্র্যাক মাইক্রোফাইন্যান্স (দাবি) ও মাইক্রোফাইন্যান্স (প্রগতি)। ব্র্যাক মাইক্রোফাইন্যান্স এ কর্মসূচীর মাধ্যমে দারিদ্র বিমোচন লক্ষ্যে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়।<br>ব্র্যাক মাইক্রোফাইন্যান্স (দাবি) কর্মসূচির অগ্রগতি ঃ মোট গ্রাম সংগঠন-৫৭০ টি, দুই মাসে মোট ঋণ বিতরণ-১৭৬০ জনকে ৭৮০.০০ লক্ষ টাকা, মোট ঋণ গ্রহীতার সংখ্যা-২৪১৫ জন, ঋণের স্থিতি-৩৩২০.৪০ লক্ষ টাকা, সঞ্চয় আমানত-২৩০৯০ জনের ২১৫০.৩০ লক্ষ টাকা, অনাদায়ী (বকেয়া) ঋণ-৭০৩০ জনের কাছে ৩৫.৪০ লক্ষ টাকা, সদস্য বা সদস্যের স্বামীর মৃত্যুজনিত বীমা প্রদান-০৮ জনকে ২.৯০ লক্ষ টাকা এবং সদস্য বা সদস্যের স্বামীর মৃত্যুজনিত কারণে ঋণ মওকুফ করা হয়- ০৮ জনকে ২.৯০ লক্ষ টাকা।<br>ব্র্যাক মাইক্রোফাইন্যান্স (প্রগতি) কর্মসূচির অগ্রগতি ঃ মোট সদস্য সংখ্যা-১৫৬০জন, দুই মাসে মোট ঋণ বিতরণ-২৬০ জনকে ৪৬৬.৪০ লক্ষ টাকা, মোট ঋণ গ্রহীতার সংখ্যা-১১৭৩ জন, ঋণের স্থিতি-১৪৮৫.৬০ লক্ষ টাকা, সঞ্চয় আমানত-১৬০৫ জনের ৪৪৯০.৫০ লক্ষ টাকা এবং অনাদায়ী (বকেয়া) ঋণ-৪৪জনের কাছে ৪১৫.৫০ লক্ষ টাকা।<br>২। ম্যালেরিয়া নির্মূল কর্মসূচি ঃ ম্যালেরিয়া নির্মুলের লক্ষ্যে জাতীয় ম্যালেরিয়া নির্মূল কর্মসূচি ও ব্র্যাক যৌথভাবে কাজ করছে। কর্মসূচীর অগ্রগতি ঃ ম্যালেরিয়া রোগী সনাক্তের জন্য রক্ত পরীক্ষা-১৮৯৫০ জনের, ম্যালেরিয়া রোগী সনাক্ত(পজেটিভ)- ২১ জন, ম্যালেরিয়া বিষয়ক ওরিয়েন্টশন ০৯টি এবং দীর্ঘস্থায়ী কীটনাশক যুক্ত মশারী বিতরণ হয়েছে-১৭,৪৪৫ টি।<br>৩। যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি ঃ যক্ষা নিয়ন্ত্রণের জন্য জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি ও ব্র্যাক যৌথ ভাবে কাজ করছে। কর্মসূচীর অগ্রগতি ঃ যক্ষা কফ পরীক্ষা-৪৭২৫ জন, কফ পরীক্ষার মাধমে যক্ষা রেগী সনাক্ত ( পজিটিভ)- ১৪৪ জন, এক্স-রে এর মাধ্যমে যক্ষা পরীক্ষা-৬৮০ জন, মোট চিহ্নিত যক্ষা রোগী-৫৫ জন, যক্ষা থেকে আরোগ্য রোগী-২১০ জন, চিকিৎসাধীণ যক্ষা রোগী-৫৩০ জন এবং যক্ষা এক্স-রে পরীক্ষার ক্ষেত্রে আর্থিক সাপোর্ট প্রদান (দারিদ্রদেরকে)- ৪৫ জনকে ২১৬৯০ টাকা এবং যক্ষা বিষয়ক ওরিয়েন্টশন হয়েছে ১০টি।</td><td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুযারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td><td>ব্র্যাক, খাগড়াছড়ি।</td></tr>
<tr><td>০৬.</td><td>ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও সচেতন নাগরিক কমিটি (সনাক) ঃ সমন্বয় সভায় উপস্থিত এরিয়া কোঅর্ডিনেটর, জনাব মোঃ আবদুর রহমান জনান- সনাক মূলত উন্নয়নের জন্য সরকারি নীতি/ আইন, প্রক্রিয়া, চর্চা এবং ভুলের দৃষ্টান্ত ইত্যাদি সংস্কারের জন্য প্রবর্তক ও সুশাসন প্রতিষ্ঠায় জনগণের চাহিদা তৈরী এবং দুর্নীতি মোকাবেলা করতে জনগণের সামর্থ্যকে শক্তিশালী করা। তিনি আরো জানান- তাঁদের সংস্থা বর্তমানে Participatory Action aginst Corruption towards Transparency & Accountability (PACTA) নামে ১টি প্রকল্প FCDO (DFID), Embassy of Denmark, SIDA and SDC এর অর্থায়নে (১ এপ্রিল ২০২২ থেকে-৩১/১২/২০২২) ৪,৭১,৭০০/- টাকা (এক বছরের জন্য) ব্যয়ে খাগড়াছড়ি জেলার সদর উপজেলায় উন্নয়মূলক কার্যক্রম চলমান রয়েছে।<br>আলোচ্য সময়ে গৃহীত কার্যক্রমসমূহ ঃ<br><table>
<tr><th>ক্র. নং</th><th>যে বিষয়ে কার্যক্রম গৃহীত হয়েছে তার নাম</th><th>সুবিধাভোগী/প্রশিক্ষণার্থী/গ্রাহক/কর্মশালা...সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ক.</td><td>এনগেজমেন্ট অব সনাক মেম্বারস</td><td>০২ টি, উপস্থিতি: ২৯(নারী: ০৯, পুরুষ: ২০)জন</td><td></td></tr>
<tr><td>খ.</td><td>এনগেজমেন্ট অব ইয়েস মেম্বারস</td><td>০২ টি, উপস্থিতি:৩৯ (নারী: ১২,পুরুষ: ২৭)জন</td><td></td></tr>
<tr><td>গ.</td><td>অ্যাকটিভ সিটিজেন্স গ্রুপ (এসিজি) গঠন (প্রাথমিক শিক্ষা)</td><td>০২ টি, উপস্থিতি: ৩৯(নারী: ১৮, পুরুষ: ২১)জন</td><td></td></tr>
<tr><td>ঘ.</td><td>অ্যাকটিভ সিটিজেন্স গ্রুপ সদস্যদের দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন বিষয়ক ওরিয়েন্টেশন</td><td>০১ টি, উপস্থিতি: ৫৬(নারী: ২৫, পুরুষ:৩১)জন</td><td></td></tr>
<tr><td>ঙ.</td><td>আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন</td><td>০১ টি, উপস্থিতি: ২৫(নারী: ৮, পুরুষ: ১৭)জন</td><td></td></tr>
<tr><td>চ.</td><td>সনাক ও এসিজি'র সাথে সমন্বয় সভা</td><td>০১ টি, উপস্থিতি: ২২(নারী: ১২, পুরুষ: ১০)জন</td><td></td></tr>
<tr><td>ছ.</td><td>কমিউনিটি অ্যাকশন সভা (প্রাথমিক শিক্ষা)</td><td>০১ টি, উপস্থিতি: ৫৫(নারী: ৪১, পুরুষ: ১৪)জন</td><td></td></tr>
<tr><td>জ.</td><td>কমিউনিটি অ্যাকশন সভা (ভূমি)</td><td>০১ টি, উপস্থিতি: ৫২(নারী: ২৯, পুরুষ: ৩৩)জন</td><td></td></tr>
</table></td><td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুযারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td><td>টিআইবি ও সনাক, খাগড়াছড়ি</td></tr>
<tr><td>০৭.</td><td><u>প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র</u> ঃ উপস্থিত প্রতিনিধি এলাকা ব্যবস্থাপক, জনাব সুনয়ন চাকমা জানান, তাঁদের সংস্থা নিজস্ব অর্থায়নে আয় ও কর্মসংস্থান মূলক কর্মসূচী অর্থ্যাৎ ক্ষুদ্র ব্যবসা, কুঠির শিল্প, বিবিধ উৎপাদন, কৃষি প্রকল্প, দোকান ব্যবসা, রিক্সা/ভ্যান, গবাদি পশু প্রতিপালন, ব্রয়লার প্রতিপালন, কাচামাল ব্যবসায় ঋণ প্রদান করে থাকে। আলোচ্য সময়ে গৃহীত কার্যক্রমসমূহ ঃ ঋণ বিতরন ৮,১২,৮৭,০০০/- টাকা, সঞ্চয় আদায় ১,৭৬,২৭,৮৯৪/- টাকা, ঋণ আদায় ৭,০৪,৬৯,৬৩৬/- টাকা, নতুন সদস্য ভর্তি ৫৪২ জন, সঞ্চয় ফেরত ৯১,৪৫,৭৫৩/- টাকা, মেয়াদ উর্ত্তীণ ঋণ ৬৭,০০,৯০২/-টাকা, মোট সদস্য সংখ্যা ১১৪৪২জন এবং আদায়ের হার ৯৮%। এছাড়াও অন্যান্য দাপ্তিরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>দ্বি-মাসিক অগ্রগতির প্রতিবেদন ০৫/০১/২০২৩খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।</td><td>প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, খাগড়াছড়ি।</td></tr>
</table>

<table>
<tr>
<td>০৮.</td>
<td><u>আলো</u> ঃ উপস্থিত প্রতিনিধি সমন্বয়কারী, জনাব সোমেন তালুকদার জানান- তাঁর সংস্থা কর্তৃক ০১টি প্রকল্প চলমান রয়েছে। প্রকল্প নাম ঃ ১। RMC (Rural Micro Credit).<br>
১। RMC (Rural Micro Credit) ঃ প্রকল্পটি খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন দীঘিনালা উপজেলার বোয়ালখালী, কবাখালী, মেরুং ও সদর ইউনিয়নে নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। এর উদ্দেশ্য হচ্ছে সহজ শর্তে ঋণ সুবিধাদি প্রদান সাপেক্ষে এলাকার প্রান্তিক জনগোষ্ঠির দারিদ্র্য বিমোচন তথা আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করা।<br>
প্রকল্পের অগ্রগতি ঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>যে বিষয়ে কার্যক্রম গৃহীত হয়েছে তার নাম</th><th>সুবিধাভোগী/প্রশিক্ষণার্থী/গ্রাহক/কর্মশালা ..সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>ঋণ বিতরণ- ২,৮৫,০০০/- টাকা</td><td>১৪ জন</td><td></td></tr>
<tr><td>২</td><td>ঋণ/ কিস্তি আদায়- ৩,৩৫,৯৬০/- টাকা</td><td>১৭৭ জন</td><td></td></tr>
<tr><td>৩</td><td>ঋণ স্থিতি- ৫৫,৫৯,১৮২/- টাকা</td><td>৮১১ জন</td><td></td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় আদায়- ৬৫,০৫৫/- টাকা</td><td>২৩৫ জন</td><td></td></tr>
<tr><td>৫</td><td>সঞ্চয় ফেরত- ২২,২৭২/- টাকা</td><td>০৪ জন</td><td></td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় স্থিতি- ১৯,৮৯,৪৮০/- টাকা</td><td>৯৫১ জন</td><td></td></tr>
<tr><td>৭</td><td>সার্ভিস চার্জ আদায়- ৪১,৯৯০/- টাকা</td><td>১৭৭ জন</td><td></td></tr>
<tr><td>৯</td><td>নতুন সদস্য ভর্তি</td><td>৮ জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>সদস্য বাতিল</td><td>০১ জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>মোট ঋণীর সংখ্যা</td><td>৮১১ জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>মোট সমিতির সংখ্যা</td><td>৬৮ টি</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>মোট সদস্য সংখ্যা</td><td>৯৫১ জন</td><td></td></tr>
</table></td>
<td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুয়ারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td>
<td>আলো, খাগড়াছড়ি।</td>
</tr>
<tr>
<td>০৯.</td>
<td><u>দি লেপ্রসি ইন্টারন্যাশনাল-বাংলাদেশ</u> ঃ উপস্থিত প্রতিনিধি টুন্টু চাকমা জানান- বর্তমানে তাঁদের সংস্থা কর্তৃক সিএইচটি লেপ্রসি কন্ট্রোল এন্ড রিহ্যাবিলিটেশন প্রজেক্ট নামে ১টি প্রকল্প দি লেপ্রসি মিশন ইন্টারন্যাশনাল-ইউকে এর অর্থায়নে (২,৭৭,২৮,৮৩৭/- টাকা) চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ২০২১-২০২৫ পর্যন্ত। বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামে কুষ্ঠ রোগে আক্রান্ত, শারিরীক প্রতিবন্ধী এবং অন্যান্য পিছিয়ে পড়া মানুষের স্বাস্থ্য সেবা সমূহ, স্বাস্থ্য সম্পর্কিত জ্ঞান ও স্ব-পরিচর্যা অনুশীলন উন্নয়নের মাধ্যমে স্বাস্থ্য অবস্থা উন্নয়ন করাই প্রকল্পের উদ্দেশ্য। আলোচ্য সময়ে যেসব কার্যক্রম অগ্রগতি সম্পন্ন হয়েছে। তা নিম্নরুপ ঃ পানছড়িতে =০১জন (পিবি-০১), খাগড়াছড়ি সদরে =০২জন (এমবি-০১, পিবি-০৩), মহালছড়িতে= ০১ জন (এমবি), মাটিরাঙ্গাতে = ০১ জন (পিবি-০১), রামগড়ে= ০৪জন (এমবি-০১, পিবি-০৩), লক্ষীছড়িতে = ০২জন (এমবি), মানিকছড়িতে =০১জন পিবি, সর্বমোট =১২ জন (এমবি ০৫, পিবি-০৭) নতুন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়েছে। চিকিৎসা সমাপ্ত করেছে = ১০জন (এমবি-০১, পিবি-০২) এবং বর্তমানে চিকিৎসাধীন রোগী সংখ্যা= ৬৮ জন (এমবি-২৩, পিবি-৪৫)।</td>
<td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুয়ারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td>
<td>দি লেপ্রসি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, খাগড়াছড়ি।</td>
</tr>
<tr>
<td>১০.</td>
<td><u>পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র</u> ঃ উপস্থিত প্রতিনিধি শাখা ব্যবস্থাপক, জনাব কালাধন চাকমা জানান- খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা, পানছড়ি, খাগড়াছড়ি সদর ও মহালছড়ি উপজেলায় তাঁদের কার্যক্রম অব্যাহত রয়েছে। কর্মসূচীর মধ্যে রয়েছে সঞ্চয় কার্যক্রম, সহজ শর্তে ঋণ বিতরণ, ঋণ আদায়, ঋণের বীমা, রেমিট্যান্স কার্যক্রম। তিনি নিম্নে ছকে মোতাবিক বিস্তারিত তথ্য তুলে ধরেনঃ-
<table>
<tr><th>ক্র. নং</th><th>বিবরণ</th><th>সংখ্যা/টাকা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>সমিতির সংখ্যা</td><td>২৫৩</td><td></td></tr>
<tr><td>০২</td><td>সদস্য সংখ্যা</td><td>৭৯৪৬</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>ঋণী সংখ্যা</td><td>৫৮৮০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>সঞ্চয় আদায়</td><td>৬,৯০,৫৩,২৮০/-</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>সঞ্চয় ফেরত</td><td>৫,৫১,৯৮,১২৫/-</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট সঞ্চয় স্থিতি</td><td>২৩,৩২,০৮,৩০৪/-</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>ঋন বিতরণ</td><td>১৯২০ জন ২৪,৮৩,৫৮,০০০/-</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>ঋন আদায়</td><td>২১,৬০,১৪,৪৬৩/-</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট ঋন স্থিতি</td><td>৪৯,৫০,৩৮,৭৩৪/</td><td></td></tr>
<tr><td>১০</td><td>ঋন আদায় হার</td><td>৯৮.৪২%</td><td></td></tr>
<tr><td>১১</td><td>অনুদান প্রদান</td><td>১৩ জন ৪,৫১,৮৫০/- টাকা</td><td></td></tr>
</table></td>
<td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুয়ারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td>
<td>পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, খাগড়াছড়ি।</td>
</tr>
<tr>
<td>১১.</td>
<td><u>কাবিদাং</u> ঃ সভায় উপস্থিত প্রতিনিধি নির্বাহী পরিচালক, জনাব লালসা জানান, তাঁর সংস্থা কর্তৃক বর্তমানে ১টি উন্নয়ন প্রকল্প খাগড়াছড়ি জেলায় কার্যক্রম অব্যাহত রয়েছে। যথা- ১। Promotion of Agro-ecology Practices in the Chattogram Hill Tracts-Bangladesh (PAEP).<br>
১। Promotion of Agro-ecology Practices in the Chattogram Hill Tracts-Bangladesh (PAEP) ঃ প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবস্থাপনা ও জলবায়ু সহনশীল, কৃষি পরিবেশের গবেষণা ও উন্নয়নে সমন্বিত সহযোগিতা এবং খাদ্য নিরাপত্তার উন্নয়ন ঘটানোই এর প্রকল্পের মূল উদ্দেশ্য। এই প্রকল্পটি কাবিদাং এর সাতে কারিতাস বাংলাদেশ ২০২০ হতে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কাজ করার চুক্তিবদ্ধ হয়। আবারও দ্বিতীয় পর্যায়ে অক্টোবর ২০২১ হতে ২০২৪ পর্যন্ত চলবে। প্রকল্পের অগ্রগতিঃ মাঠ পরিদর্শন করা হয়েছে ১৫টি, জৈব কৃষি সদস্য (কৃষক) লিপিয়া পাড়ায় ২৭ ও বুধং পড়ায় ২৮ জনকে শীতকালীন বিভিন্ন সবজি বীজ বিতরণ করা হয়েছে। এছাড়াও ১৫টি পরিবারকে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করা হবে। ১ম কিস্তিতে ০৯টি পরিবারের জন্য ল্যাট্রিন স্থাপন করে বিতরণ করা হয়েছে।</td>
<td>দ্বি-মাসিক (নভেম্বর-ডিসেম্বর/২০২২খ্রি.) অগ্রগতির প্রতিবেদন ৫ই জানুয়ারী/২৩খ্রি. তারিখের মধ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td>
<td>কাবিদাং, খাগড়াছড়ি।</td>
</tr>
<tr>
<td>১২.</td>
<td><u>কারিতাস, বাংলাদেশ</u> ঃ সভায় অনুউপস্থিত।</td>
<td>সংস্থার প্রধানকে নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।</td>
<td>কারিতাস, বাংলাদেশ, মানিকছড়ি, খাগড়াছড়ি।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৩.</td>
<td><u>ওয়াইডব্লিউসিএ</u> ঃ উপস্থিত প্রতিনিধি সহঃ সাধারণ সম্পাদক, জনাব পুষ্পিতা ত্রিপুরা জানান- তাঁর সংস্থা বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ ৩/২৩ ইকবালরোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এর অর্থায়নে (১,০৬,৫০,৫৩৮/- টাকা) খাগড়াছড়ি জেলায় Promotion of Women's Right and Child Development নামে ১টি প্রকল্প চলমান রয়েছে। এই প্রকল্পের অধীনে ৯টি কম্পোনেন্ট নিয়ে কাজ করা হয়। তা তিনি লক্ষ্য সহ তাদের কার্যক্রম তুলে ধরেন-<br><br>
ক) নারী ও যুব নারীর ক্ষমতায়ন ও রুপান্তরিত নেতৃত্বে উন্নয়ন ঃ নারীর নেতৃত্ব বিকাশে সহায়তা দান। বিভিন্ন উন্নয়নমূখী সিদ্ধান্তে স্বীয় মতামত প্রকাশের সুযোগ নিশ্চিত করা। সিদ্ধান্ত গ্রহনের নারীর ভূমিকা রাখা। আলোচ্য সময়ে অগ্রগতি ঃ বার্ষিক সাধারণ সভা/২০২২-১টি (৩৫জন) এবং জাতীয় শোক দিবস পালনে শ্রদ্ধাঞ্জলি অর্পন-১টি (২৩জন)।<br>
খ) গুণগত শিক্ষা ও শিশুবিকাশ ঃ মান সম্মত শিক্ষা দান। শিক্ষার হার বৃদ্ধি করা। এই প্রোগ্রামের আওতায় সকল কার্যক্রম বন্ধ।<br>
গ) নারীর স্বাস্থ্য অধিকার ঃ লক্ষিত জনগোষ্ঠী স্বাস্থ্যের উন্নতি এবং মা ও শিশুর অসুস্থতা ও মৃত্যুর হ্রাস করা ও সচেনতার মাধ্যমে তাদের আচরনগত পরিবর্তন করাই এর উদ্দেশ্য। আলোচ্য সময়ে অগ্রগতি- উঠান বৈঠক (স্বাস্থ্য ও যৌন প্রজনন স্বাস্থ্য) -১টি (৩১জন), স্তন ক্যান্সার সচেতনা মূলক কমিউনিটি ট্রেনিং সেশন-২টি (৪৩জন), নারী অধিকার সম্পর্কে আলোচনা সভা -১টি (১৭জন), বাল্য বিবাহ সম্পর্কে উঠান বৈঠক-১টি (১৪ জন)।<br>
ঘ) নারীর অধিকার ও নারী-পুরুষের সমতা ঃ বিভিন্ন কমিউনিটির মধ্যে তথ্য বিনিময়, শিক্ষা এবং যোগাযোগ পন্থা ব্যবহারের মাধ্যমে নারী- পুরুষ সমতা সর্ম্পকে সচেতনতা তৈরি করা। নারী অধিকার সম্পর্কে উঠান বৈঠক-১টি (১৮জন)<br>
